# রূপগঞ্জে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের ঝটিকা মিছিল




ছবি: ফেসবুক ভিডিও থেকে নেওয়া।

জুলাই গণঅভ্যুত্থানের মানবতাবিরোধী অপরাধের মামলায় কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের সভাপতি ও সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও সংগঠনের সাত নেতার মৃত্যুদণ্ডের প্রতিবাদে নারায়ণগঞ্জের রূপগঞ্জে বিক্ষোভ মিছিল করেছে কার্যক্রম নিষিদ্ধ ছাত্রলীগের উপজেলা শাখা।

আজ বৃহস্পতিবার (১৭ সেপ্টেম্বর) রূপগঞ্জ উপজেলা ছাত্রলীগের উদ্যোগে মো. মাসুম ভূইয়ার নেতৃত্বে এ বিক্ষোভ ও প্রতিবাদ মিছিলটি রূপগঞ্জের গোলাকান্দাইল বেরিবাদ এরিয়াতে হয়।

এর আগে গত মঙ্গলবার দুপুর সোয়া ১২টার দিকে জুলাই গণঅভ্যুত্থানের সময় সংঘটিত মানবতাবিরোধী অপরাধের মামলায় আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের, যুগ্ম সাধারণ সম্পাদক আ ফ ম বাহাউদ্দিন নাছিম, সাবেক তথ্য প্রতিমন্ত্রী মোহাম্মদ আলী আরাফাত, যুবলীগের সভাপতি শেখ ফজলে শামস পরশ ও সাধারণ সম্পাদক মাইনুল হোসেন খান নিখিল এবং নিষিদ্ধ ছাত্রলীগের সভাপতি সাদ্দাম হোসেন ও সাধারণ সম্পাদক শেখ ওয়ালী আসিফ ইনানকে মৃত্যুদণ্ড দেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-২।

বিচারপতি নজরুল ইসলাম চৌধুরীর নেতৃত্বাধীন তিন সদস্যের বিচারিক প্যানেল এ রায় ঘোষণা করেন। প্যানেলের অপর দুই সদস্য ছিলেন বিচারক মো. মঞ্জুরুল বাছিদ ও বিচারক নূর মোহাম্মদ শাহরিয়ার কবীর।

LENS ASIA

এর আগে জুলাই গণঅভ্যুত্থান-সংক্রান্ত মানবতাবিরোধী অপরাধের মামলায় সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাকেও মৃত্যুদণ্ড দেওয়া হয়।

এ বিষয়ে নারায়ণগঞ্জের গ সার্কেল সিনিয়র সহকারী পুলিশ সুপার মেহেদী ইসলাম বলেন, আমরা তাদের মিছিলের খবর পেয়েছি। মিছিলে অংশ নেওয়াদের শনাক্ত করা হচ্ছে। তাদের গ্রেপ্তারের জন্য অভিযান চলছে।